

১৯৭২ সালে জন্ম দেয়া 'নকল' এখন জাতির দেহে ক্যাসাররূপে প্রতিষ্ঠিত হয়েছে শিক্ষা প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, নকলের জন্ম দিয়েছেন রাজনীতিবিদরা। ১৯৭২ সালে জন্ম দেয়া নকল 'স্নো বলের' ন্যায় বিজুতি লাভ করে বর্তমান জাতির দেহে ক্যাসাররূপে প্রতিষ্ঠিত হয়েছে। এ নকল বন্ধে বর্তমান জোট সরকার জেহাদ ঘোষণা করেছে। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, আসন্ন এইচএসসি পরীক্ষায় নকল বন্ধে নতুন নতুন পদক্ষেপ নেয়া হয়েছে। নতুন পদক্ষেপের মধ্যে রয়েছে পরীক্ষার্থী কর্তৃক নকল রাখাকে অবৈধ অস্ত্র রাখার মত ক্রাইম মনে করা হবে, নকল পেলেই পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে, নকল করা পর্যন্ত অপেক্ষা করা হবে না, পরীক্ষার হলে দেহ তন্নানি করে নকল পাওয়া গেলে সে হলের পরিদর্শককেও বহিষ্কার করা হবে। ক্লিকপূর্ণ কেন্দ্রসমূহে নকল সরবরাহ, বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনা ডিডিওতে ধারণ করে পরবর্তীতে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, নকল বন্ধে সাহসিকতা প্রদর্শনের যেমন পুরস্কার থাকবে, তেমনি থাকবে শিক্ষক বহিষ্কার, অনুদান বন্ধ, এমপিও বাতিল এবং প্রোফতার। যে কোন মূল্যে নকল বন্ধে সরকার জেহাদী মনোভাব নিয়েছে। এ

জেহাদে শিক্ষক, প্রশাসন, রাজনীতিবিদসহ সকলকে পরিমিতভাবে অংশ নিবে। একটি আদর্শ দেশ প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে হবে। তিনি শিক্ষকদেরকে সর্বাধিক মর্যাদাবান সমাজ হিসেবে উল্লেখ করে বলেন, শিক্ষকগণ এ কাজে আন্তরিকভাবে এগিয়ে এলে নকল বন্ধ করা সম্ভব। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন গতকাল (শনিবার) দুপুরে সিলেট অভিটোরিয়ামে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ এবং শিক্ষার মান ও ব্যবস্থাপনা উন্নয়ন শীর্ষক এক মতবিনিময় সভা ও সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট ও সিলেটের জেলা প্রশাসন যৌথভাবে এ সভার আয়োজন করে।